

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৪৯

আগরতলা, ২৪ ফেব্রুয়ারি, ২০২৪

৪২ তম আগরতলা বইমেলা

চতুর্থ দিনে এইডস ও নেশামুক্ত যৌবন শীর্ষক আলোচনাচক্র

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ৪২ তম আগরতলা বইমেলা আজ ছিল চতুর্থ দিন। আজ বইমেলা প্রাঙ্গনের কবিতা মঞ্চে ‘এইডস ও নেশামুক্ত যৌবন’ শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে অংশ নেন বিশিষ্ট চিকিৎসক উদয়ন মজুমদার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুব্রত চক্রবর্তী, এইডস কন্ট্রোল সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভজিৎ ভট্টাচার্য ও সমাজসেবী মাল্যবান চক্রবর্তী।

বইমেলায় চতুর্থ দিনে আজ স্থানীয় নীহারিকা পাবলিশার্স-এর ৪১টি বই প্রকাশিত হয়। বইগুলি প্রকাশ করেন ওড়িশা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি শুভাশিষ তলাপাত্র, অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে, আজকের ফরিয়াদ পত্রিকার সম্পাদক শানিত দেবরায়, কবি প্রত্যাষ রঞ্জন দেব, কবি পার্থ ঘোষ ও সাহিত্যিক নন্দিতা দত্ত। সন্ধ্যায় বইমেলা প্রাঙ্গনে মহারাজা বীরবিক্রম মঞ্চে সিপাহীজলা জেলার শিল্পীগণ শাস্ত্রীয় সঙ্গীত, পঞ্চ কবির গান, সমবেত সঙ্গীত, সমবেত নৃত্য, জনজাতি নৃত্য লেবাং বুমানি পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান সঞ্চালনা করেন শুভাশীষ চক্রবর্তী।

\*\*\*\*\*